শিশু-মাতৃ স্বাস্থ্য ইনস্‌টিটিউট আইন, ২০০২

সূচী

ধারাসমূহ

১। সংক্ষিপ্ত শিরোনামা ও প্রবর্তন
২। সংজ্ঞা
৩। ইনস্‌টিটিউট প্রতিষ্ঠা
৪। ইনস্‌টিটিউটের প্রধান কার্যালয়, ইত্যাদি
৫। ইনস্‌টিটিউটের পরিচালনা ও প্রশাসন
৬। বোর্ড অব গভর্ণরস্‌
৭। ইনস্‌টিটিউটের দায়িত্ব ও কার্যাবলী
৮। বোর্ডের সভা
৯। কমিটি
১০। ইনস্‌টিটিউটের তহবিল
১১। নির্বাহী পরিচালক
১২। অন্যান্য কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ
১৩। ক্ষমতা অর্পণ
১৪। চুক্তি
১৫। ঋণ গ্রহণের ক্ষমতা
১৬। বার্ষিক বাজেট বিবরণী
১৭। হিসাব রক্ষণ ও নিরীক্ষা
১৮। প্রতিবেদন, ইত্যাদি
১৯। সরল বিশ্বাসে কৃত কাজকর্ম রক্ষণ
২০। বিধি প্রণয়নের ক্ষমতা
২১। প্রবিধান প্রণয়নের ক্ষমতা
২২। শিশু-মাতৃ স্বাস্থ্য ইনস্‌টিটিউট বিলোপ, ইত্যাদি

Copyright © Ministry of Law, Justice and Parliamentary Affairs, Bangladesh.

শিশু-মাতৃ স্বাস্থ্য ইনস্‌টিটিউট আইন, ২০০২

২০০২ সনের ১৬ নং আইন

[৯ জুলাই, ২০০২]

শিশু-মাতৃ স্বাস্থ্য ইনস্‌টিটিউট প্রতিষ্ঠাকল্পে প্রণীত আইন।

যেহেতু মা ও শিশুদের স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ক সমস্যার সমাধানের লক্ষ্যে শিশু-মাতৃ স্বাস্থ্য ইনস্‌টিটিউট নামে একটি ইনস্‌টিটিউট স্থাপন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

সংক্ষিপ্ত শিরোনামা ও প্রবর্তন

১। (১) এই আইন শিশু-মাতৃ স্বাস্থ্য ইনস্‌টিটিউট আইন, ২০০২ নামে অভিহিত হইবে।

(২) সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, যে তারিখ নির্ধারণ করিবে সেই তারিখে এই আইন বলবৎ হইবে।

সংজ্ঞা

২। বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে,-

(ক) "ইনস্‌টিটিউট" অর্থ এই আইনের ধারা ৩ এর অধীন প্রতিষ্ঠিত শিশু-মাতৃ স্বাস্থ্য ইনস্‌টিটিউট;

(খ) "চেয়ারম্যান" অর্থ বোর্ডের চেয়ারম্যান;

(গ) "নির্বাহী পরিচালক" অর্থ ইনস্‌টিটিউটের নির্বাহী পরিচালক এবং ধারা ১১ এর অধীন নির্বাহী পরিচালকরূপে দায়িত্ব পালনরত ব্যক্তিও অন্তর্ভুক্ত হইবেন;

(ঘ) "প্রবিধান" অর্থ এই আইনের অধীন প্রণীত প্রবিধান;

(ঙ) "বিধি" অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;

(চ) "বোর্ড অব গভর্ণরস" বা "বোর্ড" অর্থ ধারা ৬ এর অধীন গঠিত ইনস্‌টিটিউটের বোর্ড অব গভর্ণরস;

(ছ) "মাতৃ" বা "মা" অর্থ শিশু নহে এমন যে কোন বয়সের নারী;

(জ) "মেডিক্যাল অফিসার" অর্থ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে চিকিৎসা শাস্ত্রে এম, বি, বি, এস ডিগ্রীধারী;

(ঝ) "শিশু" অর্থ অনধিক আঠার (১৮) বৎসর বয়সের কোন ব্যক্তি;

Copyright @ Ministry of Law, Justice and Parliamentary Affairs, Bangladesh.

(ঞ) "সদস্য" অর্থ বোর্ডের সদস্য;

(ট) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় এবং এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, সরকার কর্তৃক স্বীকৃত অন্য কোন বিশ্ববিদ্যালয়ও ইহার অন্তর্ভুক্ত হইবে।

ইনস্‌টিটিউট প্রতিষ্ঠা

৩। (১) এই আইন বলবৎ হইবার পর সরকার, যথাশীঘ্র সম্ভব, এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, শিশু-মাতৃ স্বাস্থ্য ইনস্‌টিটিউট নামে একটি ইনস্‌টিটিউট প্রতিষ্ঠা করিবে।

(২) ইনস্‌টিটিউট একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে এবং ইহার স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সীলমোহর থাকিবে এবং ইহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করিবার, অধিকারে রাখিবার ও হস্তান্তর করিবার ক্ষমতা থাকিবে, এবং ইহার নামে ইহা মামলা দায়ের করিতে পারিবে বা উহার বিরুদ্ধেও মামলা দায়ের করা যাইবে।

ইনস্‌টিটিউটের প্রধান কার্যালয়, ইত্যাদি

৪। ইনস্‌টিটিউটের প্রধান কার্যালয় ঢাকা জেলার মাতুয়াইল নামক স্থানে থাকিবে এবং ইনস্‌টিটিউট, প্রয়োজনবোধে, সরকারের পূর্বানুমোদনক্রমে, বাংলাদেশের যে কোন স্থানে উহার শাখা কার্যালয় স্থাপন করিতে পারিবে।

ইনস্‌টিটিউটের পরিচালনা ও প্রশাসন

৫। (১) ইনস্‌টিটিউটের কার্যাবলী পরিচালনা ও প্রশাসন একটি বোর্ড অব গভর্ণরস্‌ এর উপর ন্যস্ত থাকিবে এবং ইনস্‌টিটিউট যে সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য সম্পাদন করিতে পারিবে বোর্ড অব গভর্ণরস্‌ও সেই সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য সম্পাদন করিতে পারিবে।

(২) ইনস্‌টিটিউট উহার কার্যাবলী সম্পাদনের ক্ষেত্রে সরকার কর্তৃক সময় সময় প্রদত্ত নির্দেশনা অনুসরণ করিবে।

বোর্ড অব গভর্ণরস্‌

৬। (১) বোর্ড অব গভর্ণরস্‌ নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথা:-

(ক) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী, যিনি উহার চেয়ারম্যানও হইবেন;

(খ) সরকার কর্তৃক মনোনীত দুইজন সংসদ-সদস্য;

(গ) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সচিব, পদাধিকারবলে;

(ঘ) অর্থ বিভাগের সচিব, পদাধিকারবলে;

(ঙ) স্বাস্থ্য অধিদপ্তরের মহা-পরিচালক, পদাধিকারবলে;

(চ) পরিবার-পরিকল্পনা অধিদপ্তরের মহা-পরিচালক, পদাধিকারবলে;

Copyright @ Ministry of Law, Justice and Parliamentary Affairs, Bangladesh.

(ছ) বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশনের সভাপতি, পদাধিকারবলে;

(জ) বাংলাদেশ নার্সিং কাউন্সিলের পরিচালক, পদাধিকারবলে;

(ঝ) সরকার কর্তৃক মনোনীত একজন প্রখ্যাত শিশুরোগ বিশেষজ্ঞ;

(ঞ) সরকার কর্তৃক মনোনীত একজন প্রখ্যাত স্ত্রীরোগ ও ধাত্রীবিদ্যা বিশেষজ্ঞ;

(ট) সরকার কর্তৃক মনোনীত শিশু ও মায়েদের স্বাস্থ্য এবং পুষ্টি বিষয়ে জ্ঞানসম্পন্ন দুইজন ব্যক্তি;

(ঠ) নির্বাহী পরিচালক ব্যতীত ইনস্‌টিটিউটের কর্মকর্তাদের মধ্য হইতে জ্যেষ্ঠতম কর্মকর্তা, যিনি একজন মেডিক্যাল অফিসার হইবেন;

(ড) নির্বাহী পরিচালক, যিনি ইহার সচিবও হইবেন।

(২) মনোনীত সদস্যগণ তাহাদের মনোনয়নের তারিখ হইতে তিন বৎসর মেয়াদে, স্বীয় পদে বহাল থাকিবেনঃ

তবে শর্ত থাকে যে, উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে মনোনয়নকারী কর্তৃপক্ষ কোন কারণ না দর্শাইয়া উক্তরূপ কোন সদস্যকে তাহার পদ হইতে যে কোন সময় অব্যাহতি প্রদান করিতে পারিবেঃ

আরও শর্ত থাকে যে, উক্তরূপ কোন সদস্য সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন, কিন্তু সরকার কর্তৃক গৃহীত না হওয়া পর্যন্ত উক্ত পদত্যাগ কার্যকর হইবে না।

(৩) উপ-ধারা ১(খ) এর অধীন মনোনীত কোন সংসদ-সদস্য পরবর্তীতে সংসদ-সদস্য হিসাবে না থাকিলে তাহার পদ শূণ্য হইবে এবং তদস্থলে একজন নতুন সংসদ-সদস্য মনোনীত হইবেন।

ইনস্‌টিটিউটের দায়িত্ব ও কার্যাবলী

৭। ইনস্‌টিটিউটের দায়িত্ব ও কার্যাবলী হইবে নিম্নরূপ, যথাঃ-

(১) শিশু ও মায়ের স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ে শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণামূলক কার্যক্রম গ্রহণ করা;

(২) শিশু ও মায়ের স্বাস্থ্য, পুষ্টি এবং চিকিৎসাবিজ্ঞান শাখার অনুরূপ বিষয়ের উপর জাতীয় ও আন্তর্জাতিক প্রতিষ্ঠান বা সংস্থার সংগে যৌথ গবেষণা কর্মসূচী গ্রহণ ও বাস্তবায়ন করা;

(৩) শিশু ও মায়ের স্বাস্থ্য ও পুষ্টির ক্ষেত্রে গবেষণা, পুস্তক, জার্নাল, সাময়িকী ইত্যাদি প্রকাশ করা;

Copyright @ Ministry of Law, Justice and Parliamentary Affairs, Bangladesh.

(৪) গ্রন্থাগার প্রতিষ্ঠা করা;

(৫) শিশু ও মায়ের স্বাস্থ্য সেবার উন্নয়নের জন্য কমিউনিটি ভিত্তিক প্রশিক্ষণ প্রদান ও এতদ্‌সংশ্লিষ্ট একাডেমিক কর্মসূচী প্রণয়ন ও বাস্তবায়ন করার নিমিত্ত কমিউনিটি স্বাস্থ্য কেন্দ্র স্থাপন, রক্ষণাবেক্ষণ ও পরিচালনা করা;

(৬) শিশু ও মায়ের স্বাস্থ্য ও পুষ্টি সম্পর্কিত বিষয়ে স্নাতক এবং স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষাদানের উদ্দেশ্যে কোর্স চালু ও পরিচালনা করা;

(৭) ইনস্টিটিউটে পরিচালিত কোর্স, প্রশিক্ষণ বা গবেষণা কাজ সমাপ্ত করিয়াছেন এমন ব্যক্তিদের ডিগ্রী, ডিপ্লোমা, সার্টিফিকেট বা অন্যান্য একাডেমিক সনদ বা সম্মান প্রদান করা;

(৮) শিশু ও মায়ের স্বাস্থ্য, পুষ্টি ও চিকিৎসা সংক্রান্ত বিষয়ের উপর জাতীয় ও আন্তর্জাতিক সেমিনার, সিম্পোজিয়াম, সম্মেলন ও কর্মশালার আয়োজন এবং পরিচালনা করা;

(৯) শিশু ও মায়ের স্বাস্থ্য, পুষ্টি ও চিকিৎসা সংক্রান্ত বিষয়ের উপর গণসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা;

(১০) শিশু ও মায়ের চিকিৎসা সংশ্লিষ্ট কোন ক্ষেত্রে বিশেষ অবদান রাখার জন্য কোন ব্যক্তির সংশ্লিষ্ট অবদানকে মূল্যায়নক্রমে সম্মানসূচক ডিগ্রী বা অন্য কোন সম্মান প্রদান করা;

(১১) শিশু ও মায়ের শারিরীক ও মানসিক উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন ধরণের পরীক্ষাগার ও ব্যায়ামাগার প্রতিষ্ঠা ও পরিচালনা করা;

(১২) উপরোক্ত দায়িত্ব ও কার্যাবলী সম্পাদনের জন্য প্রয়োজনীয় যে কোন পদক্ষেপ গ্রহণ করা।

৮। (১) এই ধারার অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, বোর্ড উহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিতে পারিবে। **বোর্ডের সভা**

(২) বোর্ডের সভা চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত স্থান ও সময়ে অনুষ্ঠিত হইবে:

তবে শর্ত থাকে যে, প্রতি ছয় মাসে বোর্ডের কমপক্ষে একটি সভা অনুষ্ঠিত হইবে।

(৩) বোর্ডের সকল সভায় সভাপতিত্ব করিবেন চেয়ারম্যান বা তাঁহার অনুপস্থিতিতে তৎকর্তৃক মনোনীত কোন সদস্য বা, উক্তরূপ মনোনয়ন না থাকিলে, সভায় উপস্থিত সদস্যগণ কর্তৃক তাঁহাদের মধ্য হইতে মনোনীত কোন সদস্য।

Copyright © Ministry of Law, Justice and Parliamentary Affairs, Bangladesh.

(৪) বোর্ডের সভায় কোরামের জন্য উহার মোট সদস্য সংখ্যার অন্যূন এক-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতির প্রয়োজন হইবে, তবে মূলতবী সভার ক্ষেত্রে কোন কোরামের প্রয়োজন হইবে না।

(৫) বোর্ডের প্রত্যেক সদস্যের একটি করিয়া ভোট থাকিবে এবং উপস্থিত সদস্যের সংখ্যাগরিষ্ঠের সমর্থনে সভার সিদ্ধান্ত গ্রহণ করা হইবে এবং ভোটের সমতার ক্ষেত্রে সভায় সভাপতিত্বকারী ব্যক্তির দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকিবে।

(৬) শুধুমাত্র কোন সদস্যপদে শূন্যতা বা বোর্ড গঠনে ত্রুটি থাকার কারণে বোর্ডের কোন কার্য বা কার্যধারা অবৈধ হইবে না এবং তৎসম্পর্কে কোন প্রশ্নও উত্থাপন করা যাইবে না।

কমিটি

৯। (১) বোর্ড উহার দায়িত্ব পালনে উহাকে সহায়তা প্রদানের জন্য প্রয়োজনীয় সংখ্যক কমিটি গঠন করিতে পারিবে।

(২) উপ-ধারা (১) এর অধীন গঠিত কমিটি বোর্ড কর্তৃক নির্দিষ্টকৃত ইনস্‌টিটিউটের কর্মকর্তা সমন্বয়ে গঠিত হইবে।

(৩) উক্ত কমিটিসমূহের সদস্য সংখ্যা, কার্যপদ্ধতি এবং দায়িত্ব বোর্ড কর্তৃক নির্ধারিত হইবে।

ইনস্‌টিটিউটের তহবিল

১০। (১) ইনস্‌টিটিউটের একটি তহবিল থাকিবে এবং উহাতে নিম্নবর্ণিত অর্থ জমা হইবে, যথাঃ-

(ক) সরকার কর্তৃক প্রদত্ত অনুদান;

(খ) স্থানীয় কর্তৃপক্ষ, অন্য কোন প্রতিষ্ঠান বা সংস্থা বা কোন ব্যক্তি কর্তৃক প্রদত্ত অনুদান;

(গ) সরকারের পূর্বানুমোদনক্রমে, কোন বিদেশী সরকার, সংস্থা বা আন্তর্জাতিক সংস্থা হইতে প্রাপ্ত অনুদান বা গৃহীত ঋণ;

(ঘ) ইনস্‌টিটিউটের সম্পত্তি বিক্রয়লব্ধ অর্থ;

(ঙ) ইনস্‌টিটিউট কর্তৃক প্রদত্ত সেবা বাবদ প্রাপ্ত ফিস ও সার্ভিস চার্জ বাবদ আদায়কৃত অর্থ;

(চ) ইনস্‌টিটিউটের অর্থ বিনিয়োগ হইতে আয় বা মুনাফা; এবং

(ছ) অন্য কোন উৎস হইতে প্রাপ্ত অর্থ।

Copyright @ Ministry of Law, Justice and Parliamentary Affairs, Bangladesh.

(২) ইনস্টিটিউটের তহবিল বোর্ড কর্তৃক অনুমোদিত এক বা একাধিক তফসিলি ব্যাংকে জমা রাখা হইবে এবং প্রবিধান দ্বারা নির্ধারিত পদ্ধতিতে উক্ত অর্থ উত্তোলন করা যাইবে:

তবে শর্ত থাকে যে, এইরূপ প্রবিধান না থাকিলে বা কোন নির্দিষ্ট বিষয়ে প্রবিধান প্রণীত না হইলে বোর্ডের সিদ্ধান্ত অনুসারে তহবিল পরিচালিত হইবে।

(৩) ইনস্টিটিউটের তহবিল হইতে উহার প্রয়োজনীয় ব্যয় নির্বাহ করা হইবে।

(৪) ইনস্টিটিউটের তহবিল বা উহার অংশ বিশেষ সরকার কর্তৃক অনুমোদিত খাতে বিনিয়োগ করা যাইবে।

নির্বাহী পরিচালক

১১। (১) ইনস্টিটিউটের একজন নির্বাহী পরিচালক থাকিবেন।

(২) নির্বাহী পরিচালক সরকার কর্তৃক নিযুক্ত হইবেন এবং তাঁহার চাকুরীর শর্তাবলী সরকার কর্তৃক নির্ধারিত হইবে।

(৩) নির্বাহী পরিচালক ইনস্টিটিউটের সার্বক্ষণিক মুখ্য নির্বাহী কর্মকর্তা হইবেন এবং তিনি-

(ক) বোর্ডের যাবতীয় সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়ী থাকিবেন; এবং

(খ) ইনস্টিটিউটের প্রশাসন পরিচালনা করিবেন এবং যাবতীয় কার্য সম্পাদন করিবেন।

(৪) নির্বাহী পরিচালকের পদ শূণ্য হইলে কিংবা অনুপস্থিতি, অসুস্থতা বা অন্য কোন কারণে নির্বাহী পরিচালক তাঁহার দায়িত্ব পালনে অসমর্থ হইলে, শূণ্যপদে নবনিযুক্ত নির্বাহী পরিচালক কার্যভার গ্রহণ না করা পর্যন্ত কিংবা নির্বাহী পরিচালক পুনরায় স্বীয় দায়িত্ব পালনে সমর্থ না হওয়া পর্যন্ত সরকার কর্তৃক মনোনীত কোন ব্যক্তি নির্বাহী পরিচালকরূপে দায়িত্ব পালন করিবেন।

অন্যান্য কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ

১২। (১) ইনস্টিটিউট উহার দায়িত্ব সুষ্ঠুভাবে পালনের জন্য প্রয়োজনীয় সংখ্যক অন্যান্য কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ করিতে পারিবেন।

(২) ইনস্টিটিউটের কর্মকর্তা ও কর্মচারীদের নিয়োগ ও চাকুরীর শর্তাবলী প্রবিধান দ্বারা নির্ধারিত হইবে।

ক্ষমতা অর্পণ

১৩। বোর্ড উহার যে কোন ক্ষমতা বা দায়িত্ব সুনির্দিষ্ট শর্তে চেয়ারম্যান, কোন সদস্য, নির্বাহী পরিচালক বা ইনস্টিটিউটের অন্য কোন কর্মকর্তাকে অর্পণ করিতে পারিবে।

Copyright © Ministry of Law, Justice and Parliamentary Affairs, Bangladesh.

চুক্তি

১৪। ইনস্‌টিটিউট উহার দায়িত্ব পালন ও কার্যাবলী সম্পাদনের প্রয়োজনে যে কোন সংস্থা বা কর্তৃপক্ষের সহিত চুক্তিতে আবদ্ধ হইতে পারিবেঃ

তবে শর্ত থাকে যে, কোন বিদেশী সরকার বা সংস্থার সাথে চুক্তি সম্পাদিত হইবার ক্ষেত্রে সরকারের পূর্বানুমোদনের প্রয়োজন হইবে।

ঋণ গ্রহণের ক্ষমতা

১৫। এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে ইনস্‌টিটিউট, সরকারের পূর্বানুমোদনক্রমে, বাণিজ্যিক ব্যাংক বা সরকার কর্তৃক অনুমোদিত যে কোন আর্থিক প্রতিষ্ঠান বা বিদেশী সংস্থা হইতে ঋণ গ্রহণ করিতে পারিবে।

ব্যাখ্যা।- আর্থিক প্রতিষ্ঠান অর্থে আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ২৭ নং আইন) এর ধারা ২(খ) তে সংজ্ঞায়িত আর্থিক প্রতিষ্ঠানকে বুঝাইবে।

বার্ষিক বাজেট বিবরণী

১৬। ইনস্‌টিটিউট প্রতি বৎসর সরকার কর্তৃক নির্দিষ্ট সময়ের মধ্যে পরবর্তী বৎসরের বার্ষিক বাজেট বিবরণী অনুমোদনের জন্য সরকারের নিকট পেশ করিবে।

হিসাব রক্ষণ ও নিরীক্ষা

১৭। (১) ইনস্‌টিটিউট যথাযথভাবে উহার হিসাব রক্ষণ করিবে এবং হিসাবের বার্ষিক বিবরণী প্রস্তুত করিবে।

(২) বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অতঃপর মহা-হিসাব নিরীক্ষক বলিয়া উল্লিখিত, প্রতি বৎসর ইনস্‌টিটিউটের হিসাব নিরীক্ষা করিবেন এবং নিরীক্ষা রিপোর্টের একটি করিয়া অনুলিপি সরকার ও ইনস্‌টিটিউটের নিকট প্রেরণ করিবেন।

(৩) উপ-ধারা (২) মোতাবেক হিসাব নিরীক্ষার উদ্দেশ্য মহা-হিসাব নিরীক্ষক কিংবা তাহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি ইনস্‌টিটিউটের সকল রেকর্ড, দলিল-দস্তাবেজ, নগদ বা ব্যাংকে গচ্ছিত অর্থ, জামানত, ভাণ্ডার এবং অন্যবিধ সম্পত্তি পরীক্ষা করিয়া দেখিতে পারিবেন এবং চেয়ারম্যান, সদস্য, নির্বাহী পরিচালক এবং ইনস্‌টিটিউটের অন্য যে কোন কর্মকর্তা বা কর্মচারীকে জিজ্ঞাসাবাদ করিতে পারিবেন।

(৪) উপ-ধারা (২) এ উল্লিখিত নিরীক্ষা ছাড়াও, Chartered Accountants Order, 1973 (P.O. No. 2 of 1973) এর Article 2 (1) (b) তে সংজ্ঞায়িত কোন Chartered Accountant দ্বারা ইনস্‌টিটিউটের হিসাব নিরীক্ষা করা যাইবে এবং এতদুদ্দেশ্যে ইনস্‌টিটিউট Chartered Accountant নিয়োগ করিতে পারিবে।

প্রতিবেদন, ইত্যাদি

১৮। (১) প্রতি অর্থ বৎসর শেষ হইবার পরবর্তী ছয় মাসের মধ্যে ইনস্‌টিটিউট তৎকর্তৃক উক্ত অর্থবৎসরে সম্পাদিত কার্যাবলীর বিবরণ সম্বলিত একটি বার্ষিক প্রতিবেদন সরকারের নিকট পেশ করিবে।

Copyright @ Ministry of Law, Justice and Parliamentary Affairs, Bangladesh.

(২) সরকার, প্রয়োজনমত, ইনস্টিটিউটের নিকট হইতে উহার কর্মকাণ্ড বা ব্যবস্থাপনা সংক্রান্ত কোন তথ্য, পরিসংখ্যান, হিসাব-নিকাশ তলব বা উহার যে কোন বিষয়ের উপর প্রতিবেদন বা বিবরণী আহ্বান করিতে পারিবে এবং ইনস্টিটিউট উহা সরকারের নিকট প্রেরণ করিতে বাধ্য থাকিবে।

(৩) সরকার যে কোন সময় ইনস্টিটিউটের কর্মকাণ্ড বা যে কোন প্রকার অভিযোগের বিষয়ে তদন্ত অনুষ্ঠানের নির্দেশ দিতে পারিবে।

সরল বিশ্বাসে কৃত কাজকর্ম রক্ষণ

১৯। এই আইন, বিধি বা প্রবিধানের অধীন সরল বিশ্বাসে কৃত কোন কাজকর্মের ফলে কোন ব্যক্তি ক্ষতিগ্রস্ত হইলে বা ক্ষতিগ্রস্ত হইবার সম্ভাবনা থাকিলে তজ্জন্য বোর্ড, চেয়ারম্যান, সদস্য, নির্বাহী পরিচালক বা ইনস্টিটিউটের অন্য কোন কর্মকর্তা বা কর্মচারীর বিরুদ্ধে কোন দেওয়ানী বা ফৌজদারী মামলা বা অন্য কোন প্রকার আইনগত কার্যক্রম গ্রহণ করা যাইবে না।

বিধি প্রণয়নের ক্ষমতা

২০। এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বিধি প্রণয়ন করিতে পারিবে।

প্রবিধান প্রণয়নের ক্ষমতা

২১। এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে বোর্ড, সরকারের পূর্বানুমোদনক্রমে এবং সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইন বা বিধির সহিত অসামঞ্জস্যপূর্ণ না হয় এইরূপ প্রবিধান প্রণয়ন করিতে পারিবে।

শিশু-মাতৃ স্বাস্থ্য ইনস্টিটিউট বিলোপ, ইত্যাদি

২২। ইনস্টিটিউট স্থাপনের সংগে সংগে-

(ক) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন ঢাকা জেলার মাতুয়াইল নামক স্থানে বিদ্যমান শিশু-মাতৃ স্বাস্থ্য ইনস্টিটিউট, অতঃপর উক্ত সংস্থা বলিয়া উল্লিখিত, বিলুপ্ত হইবে;

(খ) উক্ত সংস্থার স্থাবর ও অস্থাবর সকল সম্পত্তি, নগদ বা ব্যাংকে গচ্ছিত অর্থ ইনস্টিটিউটে হস্তান্তরিত হইবে এবং ইনস্টিটিউট উহার অধিকারী হইবে;

(গ) বিলুপ্ত হইবার পূর্বে উক্ত সংস্থার যে সকল ঋণ, দায় এবং দায়িত্ব ছিল তাহা ইনস্টিটিউটের ঋণ, দায় এবং দায়িত্ব হইবে;

(ঘ) উক্ত সংস্থার সকল কর্মকর্তা ও কর্মচারী ইনস্টিটিউটে বদলী হইবেন এবং বদলী হওয়ার পূর্বে তাহারা উক্ত সংস্থার চাকুরীতে যে শর্তে নিয়োজিত ছিলেন সেই একই শর্তে ইনস্টিটিউটে নিযুক্ত কর্মকর্তা ও কর্মচারী বলিয়া গণ্য হইবেন:

তবে শর্ত থাকে যে, উক্তরূপ বদলীর ছয় মাসের মধ্যে বদলীকৃত কর্মকর্তা ও কর্মচারীদের চাকুরীর শর্তাবলী ইনস্টিটিউট নির্ধারণ করিবে এবং উহাতে যদি কোন কর্মকর্তা বা কর্মচারীর প্রাপ্ত সুবিধাদি হ্রাস পায়, তাহা হইলে উক্ত কর্মকর্তা বা কর্মচারী কোন আপত্তি করিতে পারিবেন না।

Copyright © Ministry of Law, Justice and Parliamentary Affairs, Bangladesh.